# এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডাকবাক্স নং-৩২৫

www.bb.org.bd


এসএমইএসপিডি সার্কুলার লেটার নং: ৩

তারিখ: ২৯ আষাঢ় ১৪২২ / ১৩ জুলাই ২০১৫

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়:

**'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম'**
**সংক্রান্ত সার্কুলার সংশোধনী প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে ০৫/০৭/২০১৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং: ২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার লেটার এর সংযোজনী-ক'তে বর্ণিত কৃষিভিত্তিক শিল্পের তালিকায় ১৬ নং ক্রমিকে 'বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ' এর স্থলে 'বীজ উৎপাদন, গবেষণা, প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ' প্রতিস্থাপনকরতঃ 'কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত) জারি করা হলো।

সংশ্লিষ্ট সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২

সংযোজনী-ক

## কৃষিভিত্তিক শিল্পের তালিকা (সংশোধিত)

০১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;

০২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি), শাক-সবজি, ডাল প্রক্রিয়াকরণ;

০৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডলস ইত্যাদি প্রস্তুতকরণ;

০৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;

০৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;

০৬। স্টার্চ, গ্লুকোজ, ডেক্সট্রোজ এবং অন্যান্য স্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;

০৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুধ পাস্তুরিতকরণ, গুড়ো দুধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);

০৮। আলু থেকে প্রক্রিয়াজাতকৃত খাদ্য (চিপস, পটেটো ফ্লেক্স, স্টার্চ প্রভৃতি) উৎপাদনকারী শিল্প;

০৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;

১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন শিল্প;

১১। লবণ প্রক্রিয়াজাতকরণ শিল্প;

১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ শিল্প;

১৩। হারবাল ও ভেষজ করমেটিক্স প্রস্তুতকারী শিল্প;

১৪। ইউনানি, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;

১৫। হাঁস, মুরগি, গবাদি পশু ও মাছের জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প;

১৬। বীজ উৎপাদন, গবেষণা, প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ;

১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন: দড়ি, সুতা, চট, থলে, কার্পেট, পাটের সেন্ডেল প্রভৃতি);

১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;

১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত ইত্যাদি;

২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ শিল্প;

২১। সুগন্ধি চাল প্রস্তুতকরণ শিল্প;

২২। চা প্রক্রিয়াকরণ শিল্প;

২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশিয় নারিকেল হতে সংগৃহীত Copra ব্যবহার করা হয়);

২৪। রাবার টেপ, লাক্ষ্যা প্রক্রিয়াজাতকরণ শিল্প;

২৫। কোল্ড স্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সবজি প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ);

২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরি/উৎপাদন (কুটির শিল্প ছাড়া);

২৭। ফুল সংরক্ষণ ও রপ্তানিকারক প্রতিষ্ঠান;

২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;

২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরি;

৩০। বায়োপেস্টিসাইড, নীম উৎপাদিত পেস্টিসাইড ইত্যাদি তৈরি;

৩১। মৌমাছির চাষ/মধু তৈরির প্রকল্প;

৩২। রাবারজাত দ্রব্যাদি তৈরির প্রকল্প;

৩৩। পার্টিকেল বোর্ড প্রস্তুতকরণ শিল্প;

৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প (যদি দেশিয় সরিষা ব্যবহার করা হয়);

৩৫। ধানের তুষ, পোল্ট্রি ও গরুর গোবর থেকে বায়োগ্যাস ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প;

৩৬। চালের কুঁড়া থেকে ভোজ্য তেল উৎপাদনকারী শিল্প;

৩৭। পোল্ট্রি ও ডেইরি শিল্প।